



তথ্যবিবরণী

নম্বর-১৯২

বিভাগীয় পর্যায়ে আন্তঃ কলেজ ফুটবল টুর্নামেন্ট শুরু

রাজশাহী; ২৭ মাঘ (১০ ফেব্রুয়ারি):

আজ (১০ ফেব্রুয়ারি) সোমবার রাজশাহী মুক্তিযোদ্ধা স্মৃতি স্টেডিয়াম মাঠে পাঁচ দিনব্যাপী আন্তঃ কলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ শুরু হয়েছে। প্রধান অতিথি হিসেবে বেলুন ফেস্টুন উড়িয়ে এ টুর্নামেন্ট উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আখতার জামীল।

নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' প্রতিপাদ্যে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধন উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে বিভাগীয় প্রশাসন ও জেলা ক্রীড়া অফিস এ ফুটবল টুর্নামেন্ট আয়োজনে করে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার বলেন, আমরা ছোট বেলায় খেলাধুলা হলে বুঝতাম ফুটবল, ক্রিকেট, হকি, হ্যান্ডবল, ব্যাডমিন্টন আর গ্রাম অঞ্চলে গোল্লাছুট, দাড়িয়াবান্দা। আবার পাড়ার টংদোকানের পাশে বসে কেউ কেঁরাম ও লুডু খেলেছে। কিন্তু নব্বই দশকের পরে শুরু হলো ভিডিও গেমস। কালক্রমে সেই ভিডিও গেমস এখন চলে এসেছে মোবাইল গেমসে। আমরা ধরেই নিয়েছিলাম সবাই ইন্টারনেটের যুগে মোবাইল গেমসে আসক্ত হয়ে গেছে। কিন্তু না, এখানে যা দেখলাম তাতে মনে হচ্ছে এখনো আমাদের সবকিছু শেষ হয়ে যায়নি, সামনে আমাদের একটা সুন্দর ভবিষ্যৎ রয়েছে।

তিনি বলেন, কিছু মানুষ স্বপ্ন দেখে এবং এরা সবসময় একটা ইতিবাচক স্বপ্ন দেখে। তাদের যে রূপকথার গল্প সেটা বাস্তবায়ন করার জন্য তারা সব সময় চেষ্টা করে। এই মানুষগুলোর অধিকাংশই তরুণ। তরুণরা কখনো জরাগ্রস্থ হয় না, কী দৈহিক, কী মানসিকভাবে তারা সবসময় সতেজ থাকে। তারা সব সময় সুন্দর ও সুবর্ণ। এই তরুণদের হাতেই কিন্তু আমাদের আগামীর বাংলাদেশ। তোমাদের হাত দিয়ে এই দেশ এবং পৃথিবী পাল্টে যাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. মোয়াজ্জেম হোসেন, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. শরিফ মো. কাফি এবং সাবেক ক্রীড়া অফিসার মো. আখতারুজ্জামান রেজা।

উল্লেখ্য, এই ফুটবল টুর্নামেন্টে রাজশাহী বিভাগের ৮ জেলার মোট ১৬টি দল অংশগ্রহণ করছে।

.....
তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৫/১১:৫০ঘ.